



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2022

গভর্নর ক্যাথি হোকল

কোডিফাইড এবং সম্প্রসারিত স্টেটব্যাপী ভাষা অ্যাক্সেস পলিসির তত্ত্বাবধান করার জন্য গভর্নর হোকল নতুন ভাষা অ্যাক্সেস অফিস শুরু ঘোষণা করলেন

দেশের শীর্ষস্থানীয় পলিসি সীমিত ইংরেজি দক্ষতার নিউ ইয়র্কবাসীদের জন্য ভাষা অ্যাক্সেস সেবাকে ভিত্তি করে তা অগ্রসর করে

স্টেট এজেন্সিগুলির জন্য অত্যাবশ্যকীয় নথিসমূহকে ইংরেজি বাদে স্টেটের 12টি সবথেকে বেশি ব্যবহৃত ভাষায় অনুবাদ করা আবশ্যিক করে

এজেন্সিগুলির জন্য আঞ্চলিক ভাষা চাহিদা এবং অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে অতিরিক্ত ভাষা যোগ করার নমনীয়তা প্রদান করে

নতুন অফিস পলিসিটির তত্ত্বাবধান করবে এবং স্টেট এজেন্সিগুলির জন্য নির্দেশনা ও সমর্থন প্রদান করবে

**স্টেট এজেন্সি ভাষা অ্যাক্সেস পরিকল্পনাসমূহ উপলভ্য [এখানে](#)**

গভর্নর ক্যাথি হোকল আজকে ভাষা অ্যাক্সেস অফিস (Office of Language Access, OLA) শুরু করার ঘোষণা দিলেন যা সম্প্রসারিত স্টেটব্যাপী ভাষা অ্যাক্সেস পলিসি তত্ত্বাবধান করবে এবং তা নিয়ে নির্দেশনা প্রদান করবে, যা অর্থবছর 2023-র প্রণীত বাজেটের (Enacted Budget) অংশ হিসেবে কোডিফাই করা হয়েছে। এটি ভাষা অ্যাক্সেসের দিক দিয়ে জাতীয় নেতা হিসেবে নিউ ইয়র্ক স্টেটের অবস্থানকে আরো পাকাপোক্ত করেছে এবং গভর্নর হোকলের 2022 স্টেট অফ দ্য স্টেট (State of the State) এজেন্ডায় করা একটি প্রতিশ্রুতি পূরণ করেছে। দেশের শীর্ষস্থানীয় স্টেটব্যাপী ভাষা অ্যাক্সেস পলিসির কোডিফিকেশন এবং ভাষা অ্যাক্সেস অফিস স্থাপন করা হলো সীমিত ইংরেজি দক্ষতার নিউ ইয়র্কবাসীদের জন্য, যাদের মধ্যে অনেকেই অভিবাসী, স্টেটের সেবাসমূহের অ্যাক্সেস গঠন ও উন্নত করার জন্য অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহ।

"আমাদের হার্বারের স্ট্যাচু অফ লিবার্টি বিশ্বকে বলে যে নিউ ইয়র্ক সবাইকে এবং যেকাউকে স্বাগত জানায়," **গভর্নর হোকল বলেন।** "আজকে, আমরা ভাষা প্রতিবন্ধকতা দূর করে ফেলার মাধ্যমে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আমাদের স্টেটের সকল সেবা ও সংস্থান থেকে লাভবান হওয়াকে সহজতর করছি। অভিবাসী এবং অন্য যারা নিজেদের ও নিজেদের পরিবারের জন্য

আরো ভালো জীবন গঠনে চেষ্টা করছে তাদের সমর্থন করে আমরা একটি ব্যাপার স্পষ্ট করছি: আমাদের স্টেট আপনাদের স্বাগত জানায় ও উদযাপন করে।"

নতুন ভাষা অ্যাক্সেস আইনটি নিউ ইয়র্কের স্টেটব্যাপী ভাষা অ্যাক্সেস পলিসিকে কোডিফাই করে এবং সম্প্রসারিত করে, সরাসরি সেবা বা ভাতা প্রদান করে এমন সকল নির্বাহী স্টেট এজেন্সির জন্য যেকোনও ভাষায় অনুবাদ সেবা প্রদান আবশ্যিক করে। পাশাপাশি, প্রযোজ্য এজেন্সিগুলিকে অবশ্যই অত্যাবশ্যকীয় নথিকে আদমশুমারি ব্যুরো (Census Bureau) প্রকাশিত ডেটার ভিত্তিতে ইংরেজি বাদে সবথেকে বেশি ব্যবহৃত 12টি ভাষায় অনুবাদ করতে হবে। বর্তমানে এই ভাষাগুলি হলো স্প্যানিশ, চাইনিজ, রাশিয়ান, ইন্দিশ, বাংলা, কোরিয়ান, হাইতিয়ান ক্রেওল, ইতালিয়ান, আরবি, পোলিশ, ফরাসি এবং উর্দু।

স্টেট এজেন্সিগুলিকে এছাড়াও আবশ্যিক 12টির বাইরে চারটি প্রজন অতিরিক্ত ভাষায় অত্যাবশ্যকীয় নথি প্রদানের বিকল্প রাখতে হবে, যা নির্ভর করবে এই বিষয়গুলির উপর যেমন, আঞ্চলিক ভাষা অ্যাক্সেস চাহিদা, সীমিত ইংরেজি দক্ষতাসহ সম্প্রতি আগত অভিবাসীর সংখ্যা, সম্প্রদায়ের গোষ্ঠীসমূহের মতামত, এবং বিভিন্ন এজেন্সি দ্বারা সবথেকে বেশি সেবাপ্রাপ্ত সীমিত ইংরেজি দক্ষতার ব্যক্তিদের জনসংখ্যা। এই অতিরিক্ত ভাষাসমূহ, যার ব্যাপারে প্রতিটি এজেন্সি ভাষা অ্যাক্সেস অফিসের পরামর্শে সিদ্ধান্ত গ্রহণ করবে, বিভিন্ন এজেন্সিজুড়ে এবং পুরো স্টেটের বিভিন্ন এলাকাজুড়ে ভাষা অ্যাক্সেস চাহিদার সাড়াদানে গুরুত্বপূর্ণ নমনীয়তা প্রদান করবে।

স্টেটের বাজেট ভাষা অ্যাক্সেস অফিস স্থাপনের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পৃথক করে রেখেছে, যা সাধারণ সেবার অফিসের (Office of General Services, OGS) মধ্যে থেকে কর্মকাণ্ড পরিচালনা করবে এবং স্টেট এজেন্সিগুলির জন্য অতি গুরুত্বপূর্ণ তত্ত্বাবধান ও সমন্বয় প্রদান করবে যাতে নিশ্চিত করা যায় যে নতুন ভাষা অ্যাক্সেস আইনটি দক্ষভাবে এবং কার্যকরভাবে বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে রয়েছে তহবিল যা অন্যান্য স্টেট এজেন্সির জন্য নতুন আইনের আওতাধীন অতিরিক্ত ভাষায় নথি অনুবাদ করার জন্য উপলভ্য আছে।

**নিউ ইয়র্ক স্টেটের সাধারণ সেবা অফিসের কমিশনার জিনেট ময় বলেন,** "OGS নিউ ইয়র্ক স্টেটের নতুন ভাষা অ্যাক্সেস অফিসকে স্থান দিতে পেরে এবং সীমিত ইংরেজি দক্ষতার নিউ ইয়র্কবাসীদেরকে সরকারি সেবার উন্নত অ্যাক্সেস প্রদানে গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে সমর্থন করতে পেরে গর্বিত। সীমিত ইংরেজি দক্ষতার নিউ ইয়র্কবাসীরা আমাদের স্টেটের অর্থনীতিতে একটি অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করে এবং তারা আমাদের সম্প্রদায় সমূহের অবিচ্ছেদ্য অংশ। অত্যাবশ্যকীয় নথি, তথ্য ও সেবায় ন্যায্য অ্যাক্সেস পাওয়া তাদের প্রাপ্য। আমরা স্টেটের এজেন্সিগুলির সাথে কাজ করে স্টেটব্যাপী সম্প্রদায়গুলিতে গ্রাহক সেবা উন্নত করার কাজ করতে পেরে গর্বিত।"

**নিউ ইয়র্ক স্টেটের ভাষা অ্যাক্সেস অফিসের নির্বাহী পরিচালক মার্গারিটা লারিওস বলেন,** "স্টেট এর কোডিফাইড ভাষা অ্যাক্সেস পলিসি গঠন ও বাস্তবায়নের জন্য ভাষা অ্যাক্সেস অফিস স্থাপন করার মাধ্যমে সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমতার প্রতি এর প্রতিশ্রুতি আরেকবার নিশ্চিত করেছে। এটি নিউ ইয়র্ক স্টেটের মানুষের মধ্যকার বৈষম্য, বিশেষ করে ভাষার প্রতিবন্ধকতার জন্য যা হয়ে থাকে, তা দূর করতে আমাদের যাত্রার একটি মাইলফলক।

ভাষা অ্যাক্সেস অফিস শুরু করার মাধ্যমে, আমরা সেই ভিত্তি স্থাপন করছি যা নিশ্চিত করবে যে সেই নিউ ইয়র্কবাসীরা ইংরেজি ভালো বলতে, পড়তে বা লিখতে পারে না, তারাও যেন স্টেটের কর্মসূচিসমূহের অ্যাক্সেস ও সেগুলির সুবিধা লাভ করতে পারে। আমি এই রূপান্তরকারী কাজের তত্ত্বাবধান করতে নিয়োগ পেয়ে সম্মানিত বোধ করছি এবং আমি আমাদের সীমিত ইংরেজি দক্ষতার সম্প্রদায়সমূহের চাহিদা পূরণ করতে তাদের প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকল ও OGS কমিশনার জিনেট ময়ের প্রতি কৃতজ্ঞ।"

এই ঘোষণাগুলি নিউ ইয়র্কের বিদ্যমান ভাষা অ্যাক্সেস পলিসিতে, যা 2011 সাল থেকে নির্বাহী এদেশের মাধ্যমে কার্যকর আছে, একটি উল্লেখযোগ্য সম্প্রসারণ এবং উন্নয়ন চিহ্নিত করে। যখন এই পলিসিটি সর্বপ্রথম বাস্তবায়িত হয়, এজেন্সিগুলির জন্য নথিসমূহকে ইংরেজি বাদে সবথেকে বেশি ব্যবহৃত শীর্ষ ছয়টি ভাষায় অনুবাদ করা আবশ্যিক ছিলো এবং 2021 সালে তা বাড়িয়ে 10টি করা হয়।

ভাষা অ্যাক্সেস আইন অনুযায়ী, নতুন আইনের আওতাধীন সকল স্টেট এজেন্সিকে একজন ভাষা অ্যাক্সেস সমন্বয়ক নির্ধারণ করতে হবে যে নিয়ম হচ্ছে কিনা তা নিশ্চিত করতে এবং পারফরম্যান্স কেমন হচ্ছে তা বিবেচনা করতে OLA-র সাথে কাজ করবে। এছাড়াও এজেন্সিগুলির জন্য আইনটি কার্যকর হওয়ার 90 দিনের মধ্যে, এবং এর পর থেকে প্রতি দুই বছরে একবার একটি ভাষা অ্যাক্সেস পরিকল্পনা পোস্ট করা আবশ্যিক করা হয়েছে। বর্তমান এজেন্সির ভাষা অ্যাক্সেস পরিকল্পনাসমূহ [OLA-র ওয়েবসাইটে](#) পাওয়া যাবে। প্রত্যেক এজেন্সির ভাষা অ্যাক্সেস পরিকল্পনার মধ্যে রয়েছে:

- অনুবাদকৃত নথিসমূহের শিরোনাম এবং সেগুলি কোন ভাষায় উপলভ্য আছে।
- দ্বিভাষিক কর্মচারী এবং তারা কোন কোন ভাষায় কথা বলে সেই তথ্য।
- এটি অভ্যন্তরীণ পর্যবেক্ষণ পরিকল্পনা।
- এজেন্সি কীভাবে জনগণকে তাদের প্রদানকৃত ভাষা সহায়তা সেবাসমূহের ব্যাপারে জানাবে তার একটি বর্ণনা।
- এজেন্সি কর্মচারীদের জন্য একটি প্রশিক্ষণ পরিকল্পনা যেখানে এজেন্সির ভাষা অ্যাক্সেস পলিসির বার্ষিক প্রশিক্ষণ থাকবে এবং কীভাবে ভাষা সহায়তা সেবাসমূহ প্রদান সেই প্রশিক্ষণ থাকবে।
- এটি আইনে বাধ্যতামূলক শীর্ষ 12টি ভাষা ব্যতীত অন্য কোনও অতিরিক্ত ভাষায় অনুবাদ প্রদান করবে কিনা তা নির্ণয়ের জন্য এজেন্সির প্রক্রিয়াসমূহের ব্যাপারে তথ্য।
- এজেন্সির ভাষা অ্যাক্সেস সমন্বয়কের পরিচয়।

###